শাশ্বতী

শাশ্বতী

কমল দাশ

SHASHWATI

by

KAMAL DAS

প্রকাশক :
শ্রীপ্রবীরকুমার মজুমদার
নিউ বেঙ্গল প্রেস (প্রাঃ) লিঃ
৬৮, কলেজ স্ট্রীট,
কলিকাতা-৭০০০৭৩

মুদ্রক :
বি. সি. মজুমদার
নিউ বেঙ্গল প্রেস (প্রাঃ) লিঃ
৬৮. কলেজ স্ট্রীট,
কলিকাতা-৭০০০৭৩

প্রচ্ছদ :
দেবদত্ত নন্দী

প্রথম প্রকাশ
ফাল্গুন
১৩৬৮

অনু, জবা ও

যে সব মেয়েরা

প্রাচ্যের যা রক্ষণীয় ও

পাশ্চাত্ত্যের যা বরণীয়

তা নিয়ে এগিয়ে চলেছে

তাদের হাতে—

দুজনে চলেছে পাশাপাশি।

একজনের কাঁধে ঝোলান কাপড়ের ব্যাগ। রাস্তায় পথে ঘাটে যা আজকাল প্রায় অনেকের কাঁধ স্পর্শ করে থাকে। আর একজনের হাতে ফোলিও ব্যাগ। শাশ্বতী আর বিশ্বম্ভর।

দুজনের নামের মিল থাকলেও অন্য আর সব দিকে বড় অমিল। একজন ঝড়ের ঝাপটা থেকে বেরিয়ে এসে কুটোটি ধরতে পেরেছে, আর একজন? বন্যার জলে ভেসে চলেছে। দুদিকে অথৈই জল। ডাঙ্গা কোনদিন পাবে কিনা কে জানে।

শাশ্বতী, হ্যাঁ শাশ্বতী। ওর চলার ছন্দে রয়েছে দৃঢ়তা। কমনীয়তার বা কোমলতার স্থান যেন তার ধারে কাছে নেই। নেই কেন, থাকতে পারে না। তাকে চলতে হবে। চলার পথে যে কোন বাধাকেই ভেঙ্গে চুরে দুমড়ে তাকে চলতে হবে। থামা চলবে না। মনে হয়, তার মনের ধারণা, থামলেই সে সব শক্তি হারিয়ে ফেলবে। সেখানেই সে পাথর হয়ে জমে যাবে।

তার চোখ দুটির ভাষা যেন অন্য কথা বলে। এক এক সময় বড় করুণ হয়ে ওঠে। আর্তনাদ করে যেন বলতে চায়, আর কত চলব? চলার কি কোন শেষ নেই? জীবনের প্রথম অধ্যায় কি আবার শুরু হবে না? দ্বিতীয় অধ্যায়টা কি একটু বেশী বড় হয়ে যাচ্ছে না? না, এও হতে পারে, এত দুঃখের বলেই বুঝি তা দীর্ঘ মনে হয়। গুণে দেখতে গেলে বেশী কি?

পূর্ববঙ্গের একটি স্কুলে বাবা ছিলেন সংস্কৃতের বড় পণ্ডিত। ছোট শহর, সবই ছোট, সুন্দর। ছোট বাড়িটি ঘিরে ছিল ফুল ফলের বাগান। গাছের ডালে ডালে ঘুরত শাশ্বতী। কখন পেয়ারা, কখনও